

মেহেন্দিগঞ্জ পৌরসভা কার্যালয়

জেলা : বরিশাল।



স্মারক নং মেহেন্দিঃ / পৌর / প্রশাসন / ২০২২ / ২৬৫

তারিখ : ০৬.১২.২০২২ খ্রিঃ

" অফিস আদেশ "

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা নং-৪৬.০৬৩.০২২.০১.০০.০০১.২০১২ (অংশ-৩)-০৭ তারিখঃ ০২.০১.২০১৩ এর পৌরসভা স্থায়ী কমিটি গঠন ও কমিটির কার্যাবলী সংক্রান্ত উপ-আইনমালার প্রথম তফসিল (ছ) মোতাবেক নিম্নে বর্ণিত সদস্য সমন্বয়ে ২ বছর ০৬ মাস মেয়াদ নির্ধারণ করে অত্র পৌরসভা মহিলা ও শিশু বিষয়ক বিষয়ক স্থায়ী কমিটি গঠন করা হইল (কমিটির কার্যপরিধি গেজেটের কপি সংযুক্ত)।

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পদবী
০১.	জনাবা রাশিদা বেগম বিউটি, সংরক্ষিত আসনে কাউন্সিলর, ৭,৮,৯ নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সভাপতি
০২.	জনাব কামাল উদ্দিন খান, মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য
০৩.	জনাবা রোকসানা বেগম, সংরক্ষিত আসনে কাউন্সিলর, ৪,৫,৬ নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য
০৪.	জনাব আবদুল মোতালেব (জাহাঙ্গীর), সাধারণ আসনে কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য
০৫.	জনাব এসএম শাহজাহান, সাধারণ আসনে কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য

সরকার কর্তৃক নির্ধারিত মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যপরিধি নিম্নরূপ :-

০১. পৌরসভার বিভিন্ন কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করণে কার্যকর পদক্ষেপ গ্রহণ ;
০২. আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত মহিলাদের অধিকতর আকৃষ্ট করার জন্য ব্যবসায়ী মহিলাদের জন্য পৌরমার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে কোটা সংরক্ষণ করা ;
০৩. নারী শিশু সহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর কল্যাণে বিভিন্ন মূখ্য উন্নয়ন কার্যক্রম গ্রহণে সুপারিশ করা।
০৪. নারী ও শিশু পাচার এবং বাল্য বিবাহ রোধে জনগনকে সচেতন করা। যৌতক বিরোধী অভিযান পরিচালনা করা। যৌতকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগনকে অবহিত করা ;
০৫. জন্ম মৃত্যুর তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ করা। জন্ম নিবন্ধন করিতে পৌরবাসীকে উৎসাহিত করা ;
০৬. দুঃস্থ মহিলা ও শিশুদের স্বাভাবিক জীবন যাপন ও নিরাপত্তার ব্যবস্থা করা। প্রয়োজনে এতিমখানা, বিধবা নিবাস বা আশ্রয় কেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠাকরণে সুপারিশ করা ;
০৭. ভিক্ষাবৃত্তি, ইভটিজিং পতিতাবৃত্তি, কিশোর শ্রম বা কিশোর অপরাধের ন্যায় বিভিন্ন অনাচার বন্ধে জনগনকে সচেতন করা এবং পৌরসভার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করিতে সুপারিশ করা ;
০৮. শিশুদের জন্য খেলার মাঠ ও বিনোদনের কেন্দ্র বা পার্ক নির্মাণে সুপারিশ করা ;
০৯. জেলা পর্যায়ের পৌরসভার ক্ষেত্রে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং অন্যান্য ফেওরসভার ক্ষেত্রে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য) ;
১০. অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।


(কামাল উদ্দিন খান)

মেয়র

ই-মেইল mehendiganjpourasava@lgd.gov.bd



স্মারক নং মেহেন্দিগঞ্জ / পৌর / প্রশাসন / ২০২২ / ২৬০/১(১৫)

তারিখ : ০৬.১২.২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হইল।

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. পরিচালক, স্থানীয় সরকার শাখা, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪. জেলা প্রশাসক, জেলা বরিশাল।
০৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা বরিশাল।
০৬. পৌর নির্বাহী কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।
০৭. -১৪ জনাব/জনাব

সভাপতি, সদস্য/সদস্যা, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, জেলাঃ বরিশাল।

১৫. অফিস কপি।


৩/১২/২২
(কামাল উদ্দিন খান)

মেয়র

ই-মেইল mehendiganipourasava@lgd.gov.bd


০৬/১২/২২